



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আমার কলেজ
আমার অহংকার

ভর্তি নির্দেশিকা ২০২৬



EIIN: 105250

কলেজ কোড- 8027

নগাইশ সরকারি কলেজ

প্রতিষ্ঠাতা: সুলতান আহমেদ (প্রাক্তন চেয়ারম্যান)

ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

অধ্যক্ষের কথা



ইস্ট বেঙ্গল রেজিমেন্টের প্রতিষ্ঠাতা বঙ্গশার্দুল মেজর গনি'র স্মৃতি বিজড়িত ঐতিহ্যবাহী গ্রাম নাগাইশের নয়নাভিরাম স্থানে নাগাইশ সরকারি কলেজটি অবস্থিত। ১৯৯৮ খ্রি. তৎকালীন আইন, বিচার ও সংসদ বিষয়ক মাননীয় মন্ত্রী এড. আবদুল মতিন খসরু এমপি মহোদয়ের পৃষ্ঠপোষকতায় এবং সাবেক উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব জাহাঙ্গীর খান চৌধুরী'র সার্বিক সহযোগিতায় জনাব সুলতান আহমেদ চেয়ারম্যান কলেজটি প্রতিষ্ঠা করেন। ২০০৪ খ্রি. বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক মো: ইউনুস এমপি মহোদয় শূন্য পদে শিক্ষক নিয়োগ এবং বিজ্ঞানাগারে উন্নয়নসহ কলেজটিকে 'ধূমপানমুক্ত ক্যাম্পাস' ঘোষণা করেন। পরবর্তীতে আলহাজ্ব এম. এ. জাহের এমপি মহোদয় প্রতিষ্ঠানের দীর্ঘদিনের প্রত্যাশা 'কলেজ সংযোগ সড়ক' নির্মাণে আর্থিক প্রাণোদনসহ পাকাকরণের ব্যবস্থা করেন। বর্তমানে হাজী জসীম উদ্দিন এমপি মহোদয়ের সার্বিক সহযোগিতায় শিক্ষার্থী ও যুব সমাজের প্রাণের দাবি 'কলেজ মাঠ' ভরার কাজ চলমান। এজন্য মাননীয় এমপি মহোদয়কে কলেজ পরিবারের পক্ষ থেকে জানাই অসংখ্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

অনেক অনেক মানুষের শ্রম, স্বপ্ন ও সাধনার ফসল আজকের নাগাইশ সরকারি কলেজ। বিভিন্ন প্রতিকূলতা সত্ত্বেও ২০০০ খ্রি. কলেজটি উপজেলার শ্রেষ্ঠ কলেজ, ২০০৩ খ্রি. কুমিল্লা শিক্ষাবোর্ডের ১৪তম সেরা কলেজ, ২০১৫ খ্রি. ২টি জিপিএ-৫ সহ ৫ জন শিক্ষার্থী কুমিল্লা বোর্ডের মেধাবৃত্তি লাভ করে। ৮ আগস্ট ২০১৮ খ্রি. সরকারিকরণের গেজেটভুক্ত এবং পরবর্তীতে প্রতিবছর এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ সহ প্রায় শতভাগ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়ে আসছে।

এসব অর্জন সম্ভব হয়েছে শিক্ষানুরাগী নেতৃত্বের দিক নির্দেশনা, শিক্ষক-শিক্ষার্থীর অক্লান্ত পরিশ্রম সর্বোপরি এলাকাবাসী ও অভিভাবকদের অকৃত্রিম সমর্থন ও সহযোগিতার ফলে। শ্রেণি শিক্ষার পাশাপাশি কলেজটিতে বিভিন্ন সহপাঠ্যক্রমিক কার্যক্রম চালু আছে। যা শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধ, সামাজিকতা ও নেতৃত্ব বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

কলেজ ভর্তি নির্দেশিকা একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে বলে আমি বিশ্বাস করি। নাগাইশ সরকারি কলেজে শিক্ষার্থীদের আগমন শুভ হউক এ কামনা করছি। আল্লাহ হাফেজ ॥

(মোহাম্মদ খলিল উদ্দিন আখন্দ)

অধ্যক্ষ

২০২৬-২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইন ভর্তি আবেদন ও ক্লাস শুরুর পূর্ণাঙ্গ নির্দেশিকা

কার্যক্রম	তারিখ ও সময়
আবেদন গ্রহণ শুরু	২ সেপ্টেম্বর
আবেদন করার শেষ সময়	১০ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত
পুনঃমূল্যায়নে ফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন	১২ থেকে ১৩ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত
পছন্দক্রম পরিবর্তনের সময়	১২ থেকে ১৬ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত
নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১৬ সেপ্টেম্বর রাত ৮টা পর্যন্ত
ভর্তি নিশ্চায়নের শেষ সময়	১৮ সেপ্টেম্বর রাত ১১টা পর্যন্ত
মাইগ্রেশনের ফল প্রকাশ	১৯ সেপ্টেম্বর দুপুর ১২টা
ভর্তি কার্যক্রম	২০ থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত
ক্লাস শুরু	২৩ সেপ্টেম্বর

ভর্তি আবেদনের ন্যূনতম যোগ্যতা ও আসন সংখ্যা

বিভাগ	আসন সংখ্যা	আবশ্যিক জিপিএ	এসএসসি/ সমমান পাশের বছর
বিজ্ঞান	১৫০	২.৫০	২০২৪-২০২৬
ব্যবসায় শিক্ষা	১৫০	২.০০	
মানবিক	১৫০	১.৫০	

প্রয়োজনীয় কাগজপত্র



- শিক্ষার্থীর পাসপোর্ট সাইজ ছবি ৫ কপি।
- এসএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট।
- প্রতিষ্ঠান প্রদত্ত এসএসসি পাশের মূল প্রশংসাপত্র।
- অভিভাবকের অপরিবর্তনীয় মোবাইল নম্বর।
- পিতা/ মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ভর্তি ও আনুষঙ্গিক ফি

সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী
প্রয়োজনীয় ফি আদায় করবে।



একাডেমিক কার্যক্রম

সরকারি নির্দেশানুযায়ী একাডেমিক কার্যক্রম পরিচালনার পাশাপাশি আমাদের ব্যতিক্রমী কার্যক্রমসমূহ

- একাডেমিক ক্যালেন্ডার মোতাবেক পাঠদান কার্যক্রম পরিচালনা।
- পাবলিক পরীক্ষায় ভালো ফলাফল ও উচ্চশিক্ষায় ভর্তির সুযোগ প্রাপ্তির উপযোগী শ্রেণি পাঠদানের ব্যবস্থা।
- বিষয়ভিত্তিক এসাইনমেন্ট ও প্রেজেন্টেশন ক্লাসের ব্যবস্থা।
- বার্ষিক ও নির্বাচনী পরীক্ষায় লিখিত পরীক্ষার পাশাপাশি মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা ব্যবস্থা।
- ভিজিল্যান্স টিমের মাধ্যমে একাডেমিক ও প্রতিষ্ঠানিক শৃঙ্খলা পর্যবেক্ষণ।
- প্রতি ১৫ জন শিক্ষার্থীর জন্য একজন গাইড টিচার/ ফর্মাস্টার।
- গ্রুপভিত্তিক অভিভাবক সমাবেশের ব্যবস্থা।

সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম

- বির্তক ক্লাব
- রেনেসাঁ (বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব)
- ভাষা সাহিত্য ক্লাব
- ভলান্টিয়ার্স ক্লাব
- স্পোর্টস ক্লাব
- ক্যারিয়ার ও মোটিভেশনাল ক্লাব
- কালচারাল ক্লাব

(প্রত্যেক শিক্ষার্থীকে কমপক্ষে যেকোনো ২টিতে অংশগ্রহণ বাধ্যতামূলক)



কলেজের বিগত
বছরের
এইচএসসি
পরীক্ষার ফলাফল

সন	পাশের হার	জিপিএ-৫
২০২৫	৪৬%	০
২০২৪	১০০%	৪
২০২৩	৯৪%	৫
২০২২	১০০%	৩
২০২১	১০০%	৫

প্রতিষ্ঠানের নিয়মাবলি

- বিনা অনুমতিতে কোন শিক্ষার্থী কলেজ কার্যদিবসে অনুপস্থিত থাকতে পারবে না। কোন শিক্ষার্থী অননুমোদিতভাবে অনুপস্থিত থাকলে প্রতিদিনের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা জরিমানা প্রদান করে ক্লাস করতে হবে।
- একটানা তিন বা ততোধিক কার্যদিবস অনুপস্থিত থাকলে এর স্বপক্ষে অভিভাবক/ডাক্তারী সনদ নিয়ে আসতে হবে।
- প্রতিষ্ঠান নির্ধারিত ইউনিফর্ম, আইডি কার্ড, বিষয়ভিত্তিক খাতা ও বই নিয়ে সকাল ৯টার মধ্যে কলেজে উপস্থিত হতে হবে এবং ছুটি শেষে প্রস্থান করতে হবে।
- কলেজের অভ্যন্তরীণ সকল পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণ বাধ্যতামূলক। কোন শিক্ষার্থী একাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষায় অকৃতকার্য হলে দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ হতে পারবে না। অনুরূপভাবে দ্বাদশ শ্রেণির নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য হলে এইচএসসি পরীক্ষার ফর্মফিলাপ করতে পারবে না।
- সকল শিক্ষার্থীকে সহ-পাঠ্যক্রমিক ক্লাস, শিক্ষাসফর, বিভিন্ন জাতীয় দিবস, প্রতিযোগিতা এবং কলেজের অভ্যন্তরীণ বিভিন্ন অনুষ্ঠান (পিঠা উৎসব, বইমেলা, প্রতিষ্ঠাবার্ষিকী, বর্ষবরণ, র্যালি) -এ অংশগ্রহণ করতে হবে।
- কলেজে কোন শিক্ষার্থী সেল ফোন (মোবাইল), ট্যাব, মাথার ক্যাপ ও হাতের বেল্ট নিয়ে আসতে পারবে না। শিক্ষার্থীদের অবশ্যই নখ ছোট এবং ছাত্রদের ক্ষেত্রে চুল আর্মি কাট রাখতে হবে। অন্যথায় শাস্তিমূলক ব্যবস্থা/ জরিমানা আরোপ করা হবে।
- কলেজের বাগানের ফুল ও পাতা ছেড়া বা নষ্ট করা যাবে না। কলেজের গাছের ফলও বিনা অনুমতিতে খাওয়া বা নষ্ট করা যাবে না।
- কলেজের শৃঙ্খলাবিরোধী যেকোন অসদাচরণের জন্য কর্তৃক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

কলেজ ইউনিফর্ম

ছাত্র

শার্ট- মেরুন গোলাপী, প্যান্ট- কালো, বেল্ট- কালো,
মোজা- কালো, সু- কালো ফিতাওয়ালা।

ছাত্রী

জামা- মেরুন গোলাপী, হিজাব- সাদা, ওড়না- সাদা,
পায়জামা- সাদা, মোজা- সাদা, ক্যাডস- সাদা



শীতকালীন ড্রেস: ছাত্র নেভি ব্লু সোয়েটার, ছাত্রী: সেভি ব্লু কার্ডিগান



মোহাম্মদ খলিল উদ্দিন আখন্দ
অধ্যক্ষ
নাগাইশ সরকারি কলেজ
☎ 01711-375842



মোনালিসা সুলতানা
সহকারী অধ্যাপক
বিষয়: পৌরনীতি ও সুশাসন
☎ 01680-896865



মো: জাহাঙ্গীর আলম
সহকারী অধ্যাপক
বিষয়: ব্যবস্থাপনা
☎ 01819-148233



অলক কুমার দাশ
সহকারী অধ্যাপক
বিষয়: প্রাণীবিদ্যা
☎ 01715-266976



মো: দেলোয়ার হোসেন
প্রভাষক
বিষয়: পদার্থবিজ্ঞান
☎ 01762-211373



মো: রুহুল আমিন
প্রভাষক
বিষয়: হিসাববিজ্ঞান
☎ 01818-410535



মো: আমিনুল হক
প্রভাষক
বিষয়: সমাজকর্ম
☎ 01716-126636



সৈয়দ ইব্রাহীম হোসেন
প্রভাষক
বিষয়: অর্থনীতি
☎ 01716-370310



মোসাম্মত শিরিন আক্তার
প্রভাষক
বিষয়: বাংলা
☎ 01675-972003



মো: সোহেল আলম
প্রভাষক
বিষয়: ইংরেজি
☎ 01735-253996



সৌমেন চন্দ্রবর্তী
প্রভাষক
বিষয়: গণিত
☎ 01717-518015



সাজ্জাদ হোসেন
প্রভাষক (খণ্ডকালীন)
বিষয়: রসায়ন
☎ 01854-180406



গোলাম সারওয়ার
প্রভাষক (খণ্ডকালীন)
বিষয়: ইসলামের ইতিহাস
☎ 01637-543688



সাইফুল ইসলাম শাহীন
প্রভাষক (খণ্ডকালীন)
বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
☎ 01309-072659



এ. কে. এম. নাজমুল হক
প্রদর্শক
বিষয়: রসায়ন
☎ 01820-523969



মোহাম্মদ কামাল হোসেন
প্রদর্শক
বিষয়: পদার্থবিজ্ঞান
☎ 01819-482008



মোহাম্মদ অপু সারওয়ার
শরীরচর্চা শিক্ষক
☎ 01727-326396



মোহাম্মদ আব্দুর রশিদ
সহকারী গ্রন্থাগারিক
☎ 01745-580277